# জাবেদা

ইউনিট
6

**এই ইউনিটের পাঠসমূহ**
৬.১ ঃ জাবেদার সংজ্ঞা।
৬.২ ঃ জাবেদার প্রয়োজনীয়তা ও সুবিধা।
৬.৩ ঃ জাবেদা দাখিলা প্রদানের বিবেচ্য বিষয়।
৬.৪ ঃ জাবেদার নমুনা ও লিখার নিয়মাবলী।
৬.৫ ঃ জাবেদার উদাহরণ।

**ভূমিকা**

ব্যবসায় জগতে বা বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে প্রতিদিন অসংখ্য লেনদেন সংঘটিত হয়ে থাকে। সংঘটিত লেনদেনসমূহ প্রাথমিক ভাবে জাবেদা বইতে লিপিবদ্ধ করা হয়। পরবর্তীতে জাবেদা হতে খতিয়ান বই প্রস্তুত করা হয়। এর ফলে খতিয়ান বই নিখুঁতভাবে প্রস্তুত করা সম্ভব। সুতরাং ভুলত্রুটি মুক্ত হিসাবের জন্য জাবেদা বইয়ের ভূমিকা অনস্বীকার্য।

| | |
|---|---|
| **ইউনিট সমাপ্তির সময়** | **ইউনিট সমাপ্তির সর্বোচ্চ সময় ১ সপ্তাহ** |

## পাঠ-৬.১ জাবেদার সংজ্ঞা

**উদ্দেশ্য**

**এই পাঠ শেষে আপনি**

- জাবেদার সংজ্ঞা লিখতে পারবেন।
- জাবেদার অর্থ লিখতে পারবেন।

| | |
|---|---|
| **মূখ্য শব্দ (Key Words)** | Jour, সহকারী বই, প্রাথমিক বহি, জাবেদার নমুনা, দু'তরফা দাখিলা, কাঠামোগত পরিবর্তন, জাবেদার বিবেচ্য বিষয়। |

**জাবেদার সংজ্ঞাঃ** ফরাসী “Jour” শব্দ হতে Journal শব্দের উৎপত্তি হয়েছে। "Jour" শব্দের অর্থ প্রতিদিন বা দিন পুঞ্জি। ব্যবসায় প্রতিষ্ঠানে, আর্থিক প্রতিষ্ঠানে এবং অফিস আদালতে প্রতিদিন প্রচুর লেনদেন সংঘটিত হয়ে থাকে।

সুতরাং এই সংঘটিত লেনদেনসমুহ দু'তরফা দাখিলা পদ্ধতির নিয়মানুসারে ডে:/ক্রে: নির্ণয় করে সর্বপ্রথমে যে বইতে লিপিবদ্ধ করা হয় তাকে হিসাবের প্রাথমিক বই, সহকারী বই বা জাবেদা বই বলে।

অধ্যাপক চেম্বারের মতে, “জাবেদা এমন একটি বই যাতে দৈনিক সংঘটিত লেনদেনসমূহ লিখে সংরক্ষণ করা হয়।”

অধ্যাপক ওয়েক্সন ও অধ্যাপক ফক্স এর মতে, “জাবেদা হিসাবের প্রাথমিক বই যাতে লেনদেনগুলো তারিখের ক্রমানুসারে লিপিবদ্ধ করা হয়।”

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | জাবেদার সংজ্ঞা লিখুন<br>প্রাথমিক বহি কাকে বলে? |

## সারসংক্ষেপ:

Jour শব্দ হতে জাবেদার উৎপত্তি। Jour শব্দটি ফরাসী ভাষা হতে এসেছে।

## পাঠোত্তর মূল্যায়ন-৬.১

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। “Journal” শব্দের উৎপত্তি কোন ভাষা থেকে?
(ক) ফরাসী ভাষা (খ) সংস্কৃতি ভাষা
(গ) ল্যাটিন ভাষা (ঘ) ইংরেজী ভাষা

২। "Jour" শব্দের অর্থ কোনটি?
(ক) সকাল (খ) রাত্রি
(গ) দিন (ঘ) বিকাল

৩। লেনদেনসমুহ সর্ব প্রথম কোন বইতে লিপিবদ্ধ করা হয়?
(ক) জাবেদা বই (খ) খতিয়ান বই
(গ) নগদান বই (ঘ) ক্রয়ফেরত বই

৪। লেনদেনগুলিকে প্রথমে জাবেদা বইতে লেখা হয় কেন?
(ক) লেনদেনগুলির প্রকৃতি জানার জন্য (খ) লাভ-ক্ষতি নির্ণয়ের জন্য
(গ) নির্ভুলভাবে খতিয়ান বই তৈরি করার জন্য (ঘ) আর্থিক ফলাফল জানার জন্য

৫। জাবেদাকে কার সহকারী বই বলা হয়?
(ক) ক্রয় বইয়ের (খ) বিক্রয় বইয়ের
(গ) খতিয়ানের (ঘ) রেওয়ামিলের

## পাঠ-৬.২ জাবেদার প্রয়োজনীয়তা ও সুবিধা

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- জাবেদা বহির প্রয়োজনীয়তা বর্ণনা করতে পারবেন।
- জাবেদা বহির সুবিধা লিখতে পারবেন।

**ভূমিকা ঃ** সংঘটিত লেনদেনগুলো প্রথমে জাবেদাভুক্ত না করে সরাসরি খতিয়ান বহিতে লিপিবদ্ধ করলে ভবিষ্যতে ঝামেলা হতে পারে। কোন নির্দিষ্ট তারিখে দেনাদার ও পাওনাদারের মধ্যে দেনা পাওনা নিয়ে বিরোধ দেখা দিলে খতিয়ান বই হতে তথ্য বের করা সময় সাপেক্ষ। কাজেই দ্রুত সময়ে তথ্য বের করার জন্য জাবেদা বইয়ের প্রয়োজন।

ব্যবসায় জগতে প্রতিদিন অনেক লেনদেন সংঘটিত হয়। এই লেনদেনগুলোকে সরাসরি খতিয়ান বইতেও লেখা যায়। কোন একটি লেনদেন খতিয়ান বইতে লেখা না হলে তা খুঁজে বের করা অত্যান্ড় কষ্টসাধ্য হয়ে পড়ে। এই কষ্টসাধ্য বা ঝামেলাপূর্ণ কাজ হতে মুক্তি পাওয়ার জন্য জবেদা বইয়ের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। নিম্নে এর প্রয়োজনীয়তা বা সুবিধা আলোচনা করা হলোঃ

১। হিসাবের প্রাথমিক বই ঃ কোন লেনদেন সংঘটিত হওয়ার সঙ্গে সঙ্গে সর্বপ্রথম এই বইতে হিসাবভূক্ত করা হয়। ফলে কোন লেনদেন হিসাবভূক্ত করণে বাদ পড়ে না। এ সব কার্যক্রমের ফলে নিঁখুত হিসাব সংরক্ষিত হয়।

২। দু'তরফা দাখিলার প্রয়োগ ঃ সংঘটিত লেনদেনগুলোকে দু'তরফা দাখিলা পদ্ধতির নীতি অনুসারে ডেঃ ও ক্রেঃ নির্ণয় করে লিপিবদ্ধ করা হয়। ফলে ইহা বিজ্ঞানসম্মত এবং সর্বজনের কাছে গ্রহণযোগ্য হয়।

৩। খতিয়ানের সাহায্যকারী ঃ জাবেদা হতে খতিয়ান বইতে লেনদেনগুলো তারিখের ক্রমানুসারে লিপিবদ্ধ হয় বলে কোন লেনদেন হিসাব হতে বাদ পড়ে না। ফলে খতিয়ান বইতে সঠিক ফলাফল প্রদর্শিত হয়।

৪। ভুল ত্রুটি হ্রাস ঃ প্রতিদিনের লেনদেন তারিখের ক্রমানুসারে প্রথমে এই বহিতে লেখা হয় বলে হিসাবের ভুল ত্রুটি হ্রাস পায়।

৫। তথ্যের উৎস ঃ লেনদেনগুলোকে তারিখের ক্রমানুসারে প্রথমে জাবেদা বইতে লেখা হয়। ফলে একটি নির্দিষ্ট তারিখের প্রয়োজনীয় তথ্য অতি সহজেই খুঁজে বের করা যায়।

সুতরাং পরিশেষে আমরা বলতে পারি যে, নিখুঁত হিসাব এবং সর্বোজনের নিকট গ্রহণযোগ্য করে তোলার জন্য জাবেদার কোন বিকল্প নেই। তাই ইহার প্রয়োজনীয়তা ও সুবিধা অনস্বীকার্য।

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | তুহীন একজন ব্যবসায়ী। তিনি হিসাবের বই সংরক্ষণ করেন না এ বিষয়ে তোমার মতামত তুলে ধর। |

### সারসংক্ষেপঃ

লেনদেনগুলোকে স্থায়ীভাবে রেকর্ডভূক্ত করার জন্য জাবেদা বহির প্রয়োজন। এতে করে ব্যবসায় প্রতিষ্ঠানের কোন লেনদেন হিসাবভূক্তকরণে বাদ পড়ে না।

## পাঠোত্তর মূল্যায়ন-৬.২

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। নিখুঁত হিসাব প্রস্তুত করার জন্য সর্বপ্রথম কোন বইয়ের প্রয়োজন?
(ক) জাবেদা বই (খ) খতিয়ান বই
(গ) ক্রয় বই (ঘ) বিক্রয় বই

২। জাবেদার গুরুত্ব অনস্বীকার্য কী কারণে?
(ক) বিলাসিতার জন্য (খ) লেনদেন বিশ্লেষণের জন্য
(গ) খতিয়ান বই প্রস্তুতের কাজ সহজ করার জন্য (ঘ) লেনদেন সংক্রান্ত ধারণা লাভের জন্য

৩। লেনদেন সংঘটিত হওয়ার সময় কোন নীতিতে ডেঃ ক্রে করা হয়?
(ক) এক তরফা নীতি (খ) মিশ্র নীতি
(গ) ফরাসী নীতি (ঘ) দু'তরফা দাখিলা নীতি

৪। নির্দিষ্ট তারিখের তথ্য অল্প সময়ে কোন বই হতে খুঁজে বের করা সহজ?
(ক) ক্রয় বই (খ) বিক্রয় বই
(গ) খতিয়ান বই (ঘ) জাবেদা বই

৫। জাবেদার প্রয়োজনীয়তা অসীম। কেননা জাবেদার সাহায্যেঃ-
(i) সহজে খতিয়ান বই প্রস্তুত করা যায় (ii) নির্দিষ্ট তরিখের তথ্য সহজে বের করা যায়
(iii) গাণিতীক শুদ্ধতা প্রকাশ করা যায়
(ক) i (খ) i, ii
(গ) ii, iii (ঘ) i, ii ও iii

## পাঠ-৬.৩ জাবেদা দাখিলা প্রদানের বিবেচ্য বিষয়

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- ব্যবসায়ের প্রকৃতি বা ধরণ চিহ্নিত করতে পারবেন।
- ব্যবসায়ের ধরণ অনুযায়ী হিসাবের শিরোনাম লিখতে পারবেন।

### ভূমিকা

ব্যবসা প্রতিষ্ঠানের প্রকৃতি বা ধরণ অনুসারে জাবেদা দাখিলা প্রদান করতে হবে। প্রতিষ্ঠান কোন ধরণের ব্যবসায় কার্যে নিয়োজিত আছে সে দিকে বিশেষ লক্ষ্য রাখতে হবে। যেমন রহিম একজন আসবাবপত্রের ব্যবসায়ী। তিনি আসবাব পত্র ক্রয় বিক্রয় কাজে নিয়োজিত থাকেন। এক্ষেত্রে তার ব্যবসায়ে আসবাব পত্র পণ্য হিসেবে বিবেচনা করতে হবে।

**বিবেচ্য বিষয় সমুহ**

১। ব্যবসায় প্রতিষ্ঠানের প্রকৃতি বা ধরণ নির্ণয় পূর্বক জাবেদা দাখিলার কার্যক্রম আরম্ভ করতে হবে। যেমন মিঃ রহিম আসবাবপত্রের ব্যবসায়ী হলে এখানে হিসাবের শিরোনাম “আসবাবপত্র” না লিখে ক্রয় হিসাব বা বিক্রয় হিসাব হবে। কারণ রহিমের ব্যবসায় আসবাবপত্র পণ্য হিসেবে বিবেচিত হবে।

২। কোন হিসাবের শিরোনাম  পণ্য হিসাব, মাল হিসাব, চেক হিসাব এবং ফেরত হিসাব লেখা যাবে না।

৩। মাল বা পণ্য কেনা বেচার সময় হিসাবের শিরোনাম ক্রয় হিসাব, বিক্রয় হিসাব লিখতে হবে। শিরোনাম হিসাবে মাল হিসাব বা পণ্য হিসাব লেখা যাবে না।

৪। চেকের মাধ্যমে পণ্য কেনা বেচা করা হলে হিসাবের শিরোনাম হবে নগদান/ব্যাংক হিসাব। হিসাবের শিরোনাম চেক হিসাবে লেখা যাবে না।

৫। ক্রীত মাল ফেরত দেওয়া হলে হিসাবের শিরোনাম হিসাবে ক্রয় ফেরত বা বহিঃফেরত লিখতে হবে। শুধু ফেরত হিসাবে লেখা যাবে না। অনুরূপ ভাবে বিক্রয় ফেরতের ক্ষেত্রে বিক্রয় ফেরত/আন্তঃ ফেরত লিখতে হবে।

৬। ব্যবসায়ে ব্যবহারের জন্য যে কোন সম্পত্তি ক্রয় করা হলে হিসাবের শিরোনাম হিসাবে সংশি- ষ্ট সম্পত্তি হিসাবকে ডেঃ লিখতে হবে। আবার পুরাতন সম্পত্তি বিক্রয় করা হলে সংশি- ষ্ট সম্পত্তি হিসাবকে ক্রেডিট করতে হবে।

৭। অফিসের ব্যবহারের জন্য ঘড়ি, ক্যালকুলেটর, কম্পিউটার, টাইপ মেশিন, স্ট্যাপলার, পাঞ্চিং মেশিন, টিভি, ফ্রিজ, ফ্যান ইত্যদি ক্রয় করা হলে অফিস সরঞ্জাম হিসাবে ডেঃ করতে হবে।

৮। অফিস কাজে ব্যবহারের জন্য কাগজ , কালি, আলপিন, সুতা, পিন, ফাইল, ক্লিপ হত্যাদি ক্রয় করা হলে মনিহারী হিসাব কে ডেবিট করতে হবে।

৯। ধারে কোন ব্যক্তির কাছ থেকে মাল ক্রয় করা হলে ঐ ব্যক্তির নাম ক্রেডিট হবে। ব্যক্তির নাম উল্লেখ না থাকলে পাওনাদার হিসাবে ক্রেডিট হবে।

১০। কোন ব্যক্তির নিকট ধারে মাল বিক্রয় করা হলে ঐ ব্যক্তির নাম ডেবিট করতে হবে। ব্যক্তির নাম উল্লেখ না থাকলে দেনাদার হিসাবেকে ডেবিট করতে হবে।

১১। বাকীতে ক্রীত মাল ফেরত দেওয়া হলে, ব্যক্তির নামে বা পাওনাদার/প্রদেয় হিসাবকে ডেবিট করতে হবে। উল্লেখ্য যে, ব্যক্তির কাছে ফেরত দেওয়া হলে ব্যক্তির নাম হবে এবং নাম উল্লেখ না থাকলে পাওনাদার হবে। নগদে ক্রীত মাল ফেরত দেওয়া হলে নগদান হিসাবকে ডেঃ করতে হবে।

১২। ধারে বিক্রীত মাল ফেরত পাওয়া গেলে দেনাদার হিসাবকে ক্রেডিট করতে হবে। আবার কোন ব্যক্তির কাছ থেকে মাল ফেরত পাওয়া গেলে ঐ ব্যক্তির নামে ক্রে: করতে হবে। নগদে বিক্রীত মাল ফেরত পাওয়া গেলে নগদান হিসাবকে ক্রেডিট করতে হবে।

১৩। বিক্রিত মালের টাকা আদায়ে ব্যর্থ হলে কুঋণ হি:/অনাদায়ী পাওনা (দেনা) হিসাব কে ডেবিট করতে হবে এবং দেনাদারকে ক্রেডিট করতে হবে। কোন ব্যক্তির নিকট মাল বিক্রয়ের পর যদি আদায় না হয় তবে ঐ ব্যক্তির নামে ক্রেডিট করতে হবে।

১৪। ব্যবসা আরম্ভ করার সময় মূলধন আনয়ন করলে মূলধন হিসাবকে ক্রেডিট করতে হবে।

১৫। মালিক ব্যবসা হতে নগদ টাকা বা পণ্য সামগ্রী উত্তোলন করলে উত্তোলন হিসাবকে ডে: করতে হবে।

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | লেনদেনগুলোর জাবেদাভূক্ত করুণ:<br>রহিমের নিকট হতে মাল ক্রয়। ধারে মাল ক্রয়, কাদেরর নিকট মাল বিক্রয়। ধারে মাল বিক্রয়। মালিক কর্তৃক পণ্য উত্তোলন। |

## সারসংক্ষেপ:

ব্যবসায়ের ধরণ বা প্রকৃতি অনুসারে হিসাবের শিরোনাম দিতে হবে। শিরোনাম সমুহকে বিশ্লেষণ করে ডে: - ক্রে: নির্ণয় করতে হবে।

## পাঠোত্তর মূল্যায়ন-৬.৩

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। বিক্রয়ের উদ্দেশ্যে মেশিন ক্রয় কোনটি কে ডেবিট করতে হয়?

(ক) মেশিন হি: (খ) ক্রয় হি:
(গ) বিক্রয় ফেরত হি: (ঘ) বিক্রয় হিসাব

২। ব্যবসায়ের ব্যবহারের জন্য আসবাবপত্র ক্রয় কোনটিকে ডেবিট করতে হয়?

(ক) আসবাব পত্র (খ) ক্রয় হি
(গ) নগদান হি (ঘ) ব্যবহার হি

৩। অফিসের জন্য ঘড়ি ও ফ্যান ক্রয়, নিচের কোনটি ডেবিট হবে-

(ক) ঘড়ি ও ফ্যান হিঃ (খ) অফিস সরঞ্জাম হিঃ
(গ) নগদান হিঃ (ঘ) ক্রয় হিঃ

৪। কাগজ, কলি ও আলপিন ক্রয় হিসাবের শিরোনাম হবে-

(i) মনিহারী হিঃ (ii) ক্রয় হিঃ (iii) কাগজ, কালি ও আলপিন হিঃ
নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i, ii
(গ) ii, iii (ঘ) i, ii ও iii

৫। "অফিস সরঞ্জাম" হিসাবের অন্তর্ভূক্ত-

(i) কাগজ, কালি, আলপিন (ii) ক্যালকুলেটর, ল্যাপটপ, কম্পিউটার

(iii) ঘড়ি, স্ট্যাপলার

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i, ii

(গ) ii, iii (ঘ) i, ii ও iii

৬। একজন খরিদ্দারের নিকট হতে টাকা আদায় না হলে তার জন্য ডেবিট করতে হবে-

(i) কুঋণ হিঃ (ii) কুঋণ সঞ্চিতি হিঃ (iii) দেনাদার হিঃ

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i, ii

(গ) ii, iii (ঘ) i, ii ও iii

## পাঠ-৬.৪ জাবেদার নমুনা ও লিখার নিয়ম

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- জাবেদার নমুনা ছক অংকন করতে পারবেন।
- জাবেদা লিখার নিয়ম লিখতে পারবেন।

### ভূমিকা

ব্যবসায়ে সংঘটিত লেনদেনসমুহ সুন্দরভাবে সাজিয়ে লেখার জন্য আমাদেরকে কিছু নিয়ম নীতি মেনে চলতে হয়। হিসাববিজ্ঞানে প্রচলিত রীতি মোতাবেক একটি নির্দিষ্ট ছকে লেনদেনসমুহ লিপিবদ্ধ করতে হবে।

**জাবেদার নমুনা ঃ** হিসাববিজ্ঞানের নীতি অনুযায়ী লেনদেনসমুহ সংঘটিত হওয়ার সাথে সাথে একটি নির্দিষ্ট ছকে হিসাবভূক্ত করা হয়। পাঁচটি ঘরে বিভক্ত করে নির্দিষ্ট ছকে লেনদেনগুলো লিপিবদ্ধ করা হয়। ঘরগুলো যথাক্রমে

১। তারিখের ঘর ২। বিবরণের ঘর ৩। খতিয়ান পৃষ্ঠার ঘর
৪। ডেবিট টাকার ঘর ৫। ক্রেডিট টাকার ঘর

নিচে ব্যবসায়ের নুমনা ছক দেওয়া হলোঃ-

| তারিখ | বিবরণ | খ: পৃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | | | | |

### প্রতিটি ঘরের বর্ননা

১। তারিখের ঘরঃ- লেনদেনসমুহ সংঘটিত হওয়ার সাথে সাথে তারিখের ঘরে রোজের ক্রমানুসারে তারিখ লিখতে হবে এবং বছর উল্ল্যেখ করতে হবে।

২। বিবরণের ঘরঃ- প্রতিটি লেনদেন দু'তরফা দাখিলা পদ্ধতির রীতি মোতাবেক বিশ্লেষণ করে দুটি পক্ষ নির্ণয় করতে হবে। দুইটি পক্ষকেই আলাদা আলাদা শিরোনামে ডে: এবং ক্রে: নির্ণয় পূর্বক ব্যাখ্যাসহ এই ঘরে লিখতে হবে।

৩। খতিয়ান পৃষ্ঠার ঘরঃ- জাবেদা বই হতে খতিয়ান বইতে হিসাবসমূহ নির্দিষ্ট শিরোনামের অধীনে স্থানান্তর করা হলে সেই পাতা নম্বর এই ঘরে লিখতে হবে।

৪। ডেবিট টাকার ঘর ঃ দু'তরফা দাখিলা পদ্ধতি মোতাবেক লেনদেনসমুহ ডে: ক্রে: নির্ণয় করে শুধুমাত্র ডেবিট টাকার পরিমান ডেবিট টাকার ঘরে লিখতে হবে।

৫। ক্রেডিট টাকার ঘরঃ- শুধুমাত্র ক্রেডিট টাকার পরিমান ক্রেডিট টাকার ঘরে লিখতে হবে।

### জাবেদা লিখার নিয়মাবলী

ব্যবসায় প্রতিষ্ঠানে সংঘটিত লেনদেনগুলোকে দু'তরফা দাখিলা পদ্ধতি মোতাবেক ডে: ক্রে: নির্ণয় করে একটি নির্দিষ্ট ছকে লিপিবদ্ধ করতে হবে। উপরে আমরা ছক অংকন শিখেছি। এই ছকে লেনদেন লিপিবদ্ধ করার পূর্বে যে সমস্ত কার্য প্রক্রিয়া সম্পন্ন করতে হবে তা নিচে ধারাবাহিক ভাবে বর্ণনা করা হলোঃ-

(১) প্রথমতঃ- সাদা কাগজে জাবেদার ছক (Format) আঁকতে হবে।
(২) দ্বিতীয়তঃ- সংঘটিত লেনদেনগুলোর দুটি পক্ষ নির্ণয় করতে হবে।
(৩) তৃতীয়তঃ- পক্ষ দুটির হিসাবের ভিত্তি বা শিরোনাম চিহ্নিত করতে হবে।
(৪) চতুর্থতঃ-হিসাব দুটির ডে: এবং ক্রে: নির্ণয়ের ভিত্তি বা শ্রেনি নির্ণয় করতে হবে।

(৫) পঞ্চমতঃ- দু'তরফা দাখিলা পদ্ধতির ডে: এবং ক্রে: নির্ণয়ের সুত্র প্রয়োগ করে ডেবিট পক্ষ এবং ক্রেডিট পক্ষ নির্ধারণ করে নিব এবং ব্যাখ্যা সহ লিখব।

[লক্ষনীয়ঃ এ সম্পর্কে ইউনিট ৫.৫ এবং ৫.৬ এ বিস্তারিত আলোচনা করা হয়েছে]

**কাল্পনিক উদাহরন দিয়ে বিষয়টি আলোচনা করা হলোঃ**

১ জানুয়ারী ২০১৫ সালে মি. করিম ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করলেন।

কার্যপ্রক্রিয়াঃ- ১ম কাজ হবে, সাদা কাগজে জাবেদার ছক অংকন করা। ২য় কাজ হবে দুটি পক্ষ নির্ণয়ঃ- এখানে পক্ষ দুটি যথাক্রমে নগদান ও করিমের মূলধন। ৩য় কাজ হবে, দুটি পক্ষের শ্রেণিবিভাগের ভিত্তি বা শিরোনাম নির্ণয়ঃ এখানে, নগদান হিসাব ও করিমের মূলধন হিসাব নামে হিসাবের দুইটি শিরোনাম হবে। ৪র্থ কাজ হবে, দুটি পক্ষের ডে:-ক্রে: নির্ণয়ের ভিত্তি বা শ্রেণি নির্ণয়ঃ এখানেঃ

| শিরোনাম | | ভিত্তি বা শ্রেনি |
|---|---|---|
| নগদান হি: | হবে | সম্পত্তিবাচক হি: |
| করিমের মূলধন হি: | হবে | ব্যক্তিবাচক হি: |

**৫ম কাজ হবেঃ ডে:ক্রে: নির্ণয়ের সুত্র প্রয়োগ এবং প্রাপ্ত ফলাফলঃ**

| হিসাবের শিরোনাম | ডে:-ক্রে নির্ণয়ের ভিত্তি বা শ্রেনি | ডে:-ক্রে সুত্র প্রয়োগ | প্রাপ্ত ফলাফল |
|---|---|---|---|
| নগদান হিসাব | সম্পত্তিবাচক হি: | সম্পত্তি আসছে | ডে: |
| করিমের মূলধন হিসাব | ব্যক্তিবাচক হি: | ব্যক্তি দাতা | ক্রে: |

**এখন জাবেদার ছক অংকন উপরের কার্যাবলী মোতাবেক জাবেদা দাখিলা প্রস্তুত করবঃ**

| তারিখ | বিবরণ | খ: পৃ: | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৫<br><br>জানু- ১ | নগদান হিসাব ডে:<br>করিমের মূলধন হি: ক্রে:<br>(কারণ নগদ টাকা ব্যবসায়ে আনয়ন করা হলো) | | ৫০,০০০ | <br><br>৫০,০০০ |

এভাবেই আমরা ব্যবসায়ের সকল লেনদেনগুলোর কার্যক্রম পর্যায়ক্রমে এক এক করে লিপিবদ্ধ করব। লক্ষণীয় যে আজকাল টু এবং বাই এর প্রচলন নেই বললেই চলে।

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)**<br>**/শিক্ষার্থীর কাজ** | উপরের কার্যপ্রক্রিয়ার আলোকে জাবেদাভুক্ত করুণ:-<br>নগদে মাল ক্রয় ৫,০০০/-<br>নগদে মাল বিক্রয় ৭,০০০/- |

## সারসংক্ষেপ:

জাবেদাভূক্তকরণের পূর্বে লেনদেনগুলোর হিসাবের শিরোনাম চিহ্নিত করতে হবে। হিসাবের শিরোনাম বা ভিত্তি বিশ্লেষণ করে ডে: - ক্রে: নির্ণয় করতে হবে।

## পাঠোত্তর মূল্যায়ন-৬.৪

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। জাবেদার ছকে ঘরের সংখ্যা কয়টি?

(ক) ২টি (খ) ৪টি
(গ) ৫টি (ঘ) ৬টি

২। জাবেদা বহি হতে হিসাবসমূহ খতিয়ানে স্থানান্তরের সময় লিখতে হয়-

(i) বিবরণের ঘরে (ii) জাবেদা পৃষ্ঠা নম্বর (iii) খতিয়ান পৃষ্ঠা নম্বর
নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii
(গ) iii (ঘ) i, ii ও iii

৩। তারিখের ঘরে লিখতে হয়-

(i) বছর ও তারিখ (ii) তারিখ (iii) বছর

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i, ii
(গ) ii, iii (ঘ) কোনটাই নয়

৪। রোজের ক্রমানুসারে প্রথমে লেনদেনগুলো লিপিবদ্ধ হয় কোন বইতে?

(ক) নগদান বই (খ) জাবেদা বই
(গ) খতিয়ান বই (ঘ) ক্রয় বই

৫। বেতন প্রদান ৫০০ টাকা, ডেবিট হবে-

(i) নগদান হিঃ (ii) বেতন হিঃ (iii) ব্যয় হিঃ

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii
(গ) ii, iii (ঘ) কোনটাই নয়

৬। বিক্রয়ের উদ্দেশ্যে মেশিন ক্রয় ৫,০০০ ডেবিট হবে-

(i) নগদান হিঃ (ii) মেশিন হিঃ (iii) ক্রয় হিঃ

নিচের কোনটি সঠিক

(ক) i (খ) ii
(গ) iii (ঘ) কোনটাই নয়

## পাঠ-৬.৫ জাবেদার উদাহরণ

### উদ্দেশ্য

**এই পাঠ শেষে আপনি**

- লেনদেনগুলোর শিরোনাম লিখতে পারবেন।
- লেনদেনগুলো হতে জাবেদা বই তৈরী করতে পারবেন।

উদাহরন-১

১ মার্চ ২০১৫ সালে জনাব শুভ নগদ ১,০০,০০০ টাকা এবং ৫,০০০ টাকার পণ্য নিয়ে ব্যবসা আরম্ভ করলেন। মার্চ মাসে তার ব্যবসায়ের নিম্নলিখিত লেনদেনগুলো সংঘটিত হয়েছিলঃ

২০১৫

মার্চ-১ হীরা ট্রেডার্সের নিকট থেকে নগদে মাল ক্রয় ১০,০০০ টাকা।
মার্চ-২ রাজনের নিকট নগদে মাল বিক্রয় ৩,০০০ টাকা।
মার্চ-৩ সজল ট্রেডার্সের নিকট থেকে দোকানের জন্য একটি ফ্রিজ ক্রয় ২৫,০০০ টাকা।
মার্চ-৪ দোকানের প্রচারের জন্য সাইন বোর্ড লাগানো খরচ ৫০০ টাকা।
মার্চ-৫ জনাব কাদেরের নিকট থেকে মাল ক্রয় ১০,০০০ টাকা।
মার্চ-৬ জনাব রকিব এর নিকট মাল বিক্রয় ১৫,০০০ টাকা।
মার্চ-৭ কাদেরকে মাল ফেরত দেওয়া হলো ১,০০০ টাকা।
মার্চ-৮ রকির নিকট থেকে মাল ফেরত পাওয়া গেল ২০০ টাকা।
মার্চ-৯ ব্যবসায় হতে মালিক কর্তৃক নগদ উত্তোলন ১,০০০ টাকা।
মার্চ-১০ ব্যাংকে টাকা জমা দেওয়া হলো ৫০,০০০ টাকা।
মার্চ-১১ ধারে মাল ক্রয় ৩০,০০০ টাকা।
মার্চ-১২ ধারে মাল বিক্রয় ৩৫,০০০ টাকা।
মার্চ-১৩ ১১ তারিখে ক্রীত মাল ফেরত দেওয়া হলো ১,০০০ টাকা।
মার্চ-১৪ ১২ তারিখে বিক্রিত মাল ফেরত পাওয়া গেল ৫০০ টাকা।
মার্চ-১৫ ১১ তারিখে ক্রীত মালের মুল্য সম্পূর্ণ পরিশোধ করা হলো।
মার্চ-১৬ ১২ তারিখের বিক্রিত মালের মূল্য সম্পূর্ণ পাওয়া গেল।
মার্চ-১৭ মালিক কর্তৃক ব্যবসা হতে পণ্য উত্তোলন ২০০ টাকা।
মার্চ-১৮ চেকে মাল ক্রয় ৫,০০০ টাকা।
মার্চ- ১৯ চেকে মাল বিক্রয় ৭,০০০ টাকা।
মার্চ-২০ মালিক কর্তৃক ব্যাংক হতে উত্তোলন ২,০০০ টাকা।
মার্চ-২১ আসবাবপত্র ক্রয় ১০,০০০ টাকা।
মার্চ- ২২ চেকের মাধ্যমে ভাড়া প্রদান ৫,০০০ টাকা।
মার্চ- ২৩ আসবাবপত্রের অবচয় ধার্য করতে হবে ৫০০ টাকা।
মার্চ- ২৪ পুরাতন আসবাবপত্র বিক্রয় ১,০০০ টাকা।
মার্চ- ২৫ কমিশন পাওয়া গেল ১,০০০ টাকা।
মার্চ- ২৮ কর্মচারীর বেতন পরিশোধ ১০,০০০ টাকা।
মার্চ-২৯ ব্যাংক কর্তৃক মঞ্জুরীকৃত সুদ ১০০ টাকা।
মার্চ- ৩০ ব্যাংক চার্জ ধার্য করল ৫০ টাকা।

উপরোক্ত লেনদেনগুলো জনাব শুভর বইতে দাখিলা দেখাও।

জনাব **শুভ জাবেদা বহিঃ**

| তারিখ | বিবরণ | খঃপৃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০১৫ মার্চ- ০১ | নগদান হিঃ ডেঃ<br>প্রারম্ভিক মজুদ পণ্য/ ক্রয় হিঃ ডেঃ<br>শুভ-এর মূলধন হিঃ ক্রেঃ<br>(কারণ নগদ টাকা ও পণ্য নিয়ে ব্যবসা আরম্ভ করল।) | | ১,০০,০০০<br>৫০০০ | <br><br>১,০৫,০০০ |
| ২০১৫ মার্চ- ০১ | ক্রয় হিঃ ডেঃ<br>নগদান হিঃ ক্রেঃ<br>(কারণ নগদে মাল ক্রয় করা হলো) | | ১০,০০০ | <br>১০,০০০ |
| ২০১৫ মার্চ- ০২ | নগদান হিঃ ডেঃ<br>বিক্রয় হিঃ ক্রেঃ<br>(কারণ নগদে মাল বিক্রয় করা হলো) | | ৩,০০০ | <br>৩,০০০ |
| ২০১৫ মার্চ- ০৩ | অফিস সরঞ্জাম হিঃ ডেঃ<br>সজল ট্রেডার্স হিঃ ক্রেঃ<br>(কারণ বাকীতে ফ্রিজ ক্রয় করা হলো।) | | ২৫,০০০ | <br>২৫,০০০ |
| ২০১৫ মার্চ- ০৪ | বিজ্ঞাপন হিঃ ডেঃ<br>নগদান হিঃ ক্রে<br>(কারণ সাইনবোর্ডের খরচ নগদ প্রদান।) | | ৫০০ | <br>৫০০ |
| ২০১৫ মার্চ- ০৫ | ক্রয় হিঃ ডেঃ<br>কাদের হিঃ ক্রেঃ<br>(কারণ ধারে মাল ক্রয় করা হলো।) | | ১০,০০০ | <br>১০,০০০ |
| ২০১৫ মার্চ- ০৬ | রকিব হিঃ ডেঃ<br>বিক্রয় হিঃ ক্রেঃ<br>(কারণ ধারে মাল বিক্রয় করা হলো।) | | ১৫,০০০ | <br>১৫,০০০ |
| ২০১৫ মার্চ- ০৭ | কাদের হিঃ ডেঃ<br>ক্রয় ফেরত/ বহি ফেরত ক্রেঃ<br>(কারণ ক্রীত মাল কাদেরকে ফেরত দেওয়া হলো।) | | ১,০০০ | <br>১,০০০ |
| ২০১৫ মার্চ- ০৮ | বিক্রয় ফেরত/ আন্ত:ফের ডেঃ<br>রকিব হিঃ ক্রেঃ<br>(কারণ ধারে বিক্রীত মাল রকিবের নিকট হতে ফেরত পাওয়া গেল।) | | ২০০ | <br>২০০ |
| ২০১৫ মার্চ- ০৯ | উত্তোলন হিঃ ডেঃ<br>নগদান হিঃ ক্রেঃ<br>(কারন মালিক কর্তৃক নগদ টাকা উত্তোলন) | | ১,০০০ | <br>১,০০০ |
| ২০১৫ মার্চ- ১০ | ব্যাংক হিঃ ডেঃ<br>নগদান হিঃ ক্রেঃ<br>(কারণ নগদ টাকা ব্যাংকে জমা দেওয়া হলো।) | | ৫০,০০০ | <br>৫০,০০০ |
| ২০১৫ মার্চ- ১১ | ক্রয়ঃ হিঃ ডেঃ<br>বিবিধ পাওনাদার হিঃ ক্রেঃ<br>(কারণ ধারে মাল ক্রয় করা হলো।) | | ৩০,০০০ | ৩০,০০০ |

| তারিখ | বিবরণ | খঃপৃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০১৫ মার্চ- ১২ | বিবিধ দেনাদার হিঃ ডেঃ<br>বিক্রয় হিঃ ক্রেঃ<br>(কারণ ধারে মাল বিক্রয় করা হলো।) | | ৩৫,০০০ | ৩৫,০০০ |
| ২০১৫ মার্চ- ১৩ | বিবিধ পাওনাদার হিঃ ডেঃ<br>ক্রয় ফেরত হিঃ ক্রেঃ<br>(কারণ ধারে ক্রীত মাল ফেরত দেওয়া হলো) | | ১,০০০ | ১,০০০ |
| ২০১৫ মার্চ- ১৪ | বিক্রয় ফেরত/ আন্তঃফেরত ডেঃ<br>বিবিধ দেনাদার হিঃ ক্রেঃ<br>(কারণ ধারে বিক্রীত মাল ফেরত পাওয়া গেল।) | | ৫০০ | ৫০০ |
| ২০১৫ মার্চ- ১৫ | বিধি পাওনাদার হিঃ ডেঃ<br>নগদান হিঃ ক্রেঃ<br>(কারণ ফেরত মাল বাদে সম্পূর্ণ টাকা পরিশোধ করা হলো।) | | ২৯,০০০ | ২৯,০০০ |
| ২০১৫ মার্চ- ১৬ | নগদান হিঃ ডেঃ<br>বিবিধ দেনাদার হিঃ ক্রেঃ<br>(কারণ ফেরত মাল বাদে সম্পূর্ণ মূল্য পাওয়া গেল।) | | ৩৪,৫০০ | ৩৪,৫০০ |
| ২০১৫ মার্চ- ১৭ | উত্তোলন ডেঃ<br>ক্রয় হিঃ ক্রেঃ<br>(কারণ মালিক ক্রীত মাল উত্তোলন করেছেন।) | | ২০০ | ২০০ |
| ২০১৫ মার্চ- ১৮ | ক্রয় হিঃ ডেঃ<br>ব্যাংক হিঃ ক্রেঃ<br>(কারণ মাল ক্রয় করে চেক দেওয়া হলো।) | | ৫,০০০ | ৫,০০০ |
| ২০১৫ মার্চ- ১৯ | নগদান হিঃ ডেঃ<br>বিক্রয় হিঃ ক্রেঃ<br>(কারণ মাল বিক্রয় করে চেক পাওয়া গেল।) | | ৭,০০০ | ৭,০০০ |
| ২০১৫ মার্চ- ২০ | উত্তোলন হিঃ ডেঃ<br>ব্যাংক হিঃ ক্রেঃ<br>(কারণ মালিক কর্তৃক ব্যাংক হতে উত্তোলন।) | | ২,০০০ | ২,০০০ |
| ২০১৫ মার্চ- ২১ | আসবাব পত্র ডেঃ<br>নগদান হিঃ ক্রেঃ<br>(কারণ নগদে আসবাব পত্র ক্রয় করা হলো।) | | ১০,০০০ | ১০,০০০ |
| ২০১৫ মার্চ- ২২ | ভাড়া হিঃ ডেঃ<br>ব্যাংক হিঃ ক্রেঃ<br>(কারণ ভাড়া চেকের মাধ্যমে পরিশোধ করা হল) | | ৫,০০০ | ৫,০০০ |
| ২০১৫ মার্চ- ২৩ | অবচয় হিঃ ডেঃ<br>আসবাবপত্র হিঃ ক্রেঃ<br>কারণঃ আসবাব পত্রের উপর অবচয় ধার্য করা হলো) | | ৫০০ | ৫০০ |
| ২০১৫ মার্চ- ২৪ | নগদান হি ডেঃ<br>আসবাবপত্র হি ক্রেঃ<br>(কারণ পুরাতন আসবাবপত্র বিক্রয় করা হলো) | | ১,০০০ | ১,০০০ |

| তারিখ | বিবরণ | খঃপৃ | ডেবিট | ক্রেডিট |
|---|---|---|---|---|
| ২০১৫ মার্চ- ২৫ | নগদান হি ডেঃ<br>কমিশন হি ক্রেঃ<br>(কারণ কমিশন পাওয় গেল) | | ১,০০০ | <br>১,০০০ |
| ২০১৫ মার্চ- ২৮ | বেতন হি ডেঃ<br>নগদান হি ক্রেঃ<br>(কারণ বেতন পরিশোধ হলো।) | | ১০,০০০ | <br>১০,০০০ |
| ২০১৫ মার্চ- ২৯ | ব্যাংক হি ডেঃ<br>মঞ্জুরীকৃত সুদ হি ক্রেঃ<br>(কারণ ব্যাংক সুদ মঞ্জুর করে হিসাবে জমা করেছেন।) | | ১০০ | <br>১০০ |
| ২০১৫ মার্চ- ৩০ | ধার্যকৃত চার্জ হি ডেঃ<br>ব্যাংক হিঃ ক্রেঃ<br>(কারণ ব্যাংক সেবা প্রদানের ফলে হিসাব হতে টাকা কর্তন করেছেন।) | | ৫০ | <br>৫০ |

**<u>সৃজনশীল</u>**

**জাবেদার উদাহরণঃ**

উদাহরন.২

১ জানুয়ারী ২০১৫ সালে রাজন নগদ ২৫,০০০ টাকা এবং ১০,০০০ টাকা মূল্যের আসবাব পত্র নিয়ে ব্যবসা আরম্ভ করলেন। নিচের লেনদেনগুলো তার ব্যবসা সম্পর্কীতঃ-

২০১৫

জানুঃ- ২ সোনালী ব্যাংকে চলতি হিসাব খোলা হলো ২,০০০ টাকা

জানুঃ- ৭ নগদে মাল ক্রয় ২০,০০০ টাকা।

জানুঃ- ২৫ ৭ তারিখে ক্রীত সম্পূর্ণ মাল বিক্রয় ৩০,০০০ টাকা।

জানুঃ- ২৯ ব্যাংকে জমা দেওয়া হলো ২৫,০০০ টাকা।

(ক) ২ তারিখে ব্যাংক হিসাব খোলার পর নগদ কত টাকা থাকবে?

(খ) বছর শেষে জনাব রাজনের মূলধনের পরিমান কত?

(গ) নির্দিষ্ট ছকে জাবেদা দাখিলা দাও।

সমাধানঃ-

(ক) ব্যাংকে টাকা জমা দেওয়ার পর নগদ টাকা বছরে থাকবে ঃ-

মূলধন বাবদ নগদ টাকা ২৫০০০

বাদ ব্যাংকে জমা ২০০০

২৩০০০ টাকা

============

(খ) সমাপনি মূলধন নির্ণয়:-

প্রারম্ভিক মূলধন

(নগদে টাকা+আসবাব পত্র) = ৩৫,০০০

+ ব্যবসায়ীক লাভ (বিক্রয়-ক্রয়) = (৩০,০০০-২০,০০০) = ১০,০০০

= ৪৫,০০০ টাকা

========

(গ) জাবেদা দাখিলা দেওয়ার জন্য কি কার্যক্রম গ্রহন করতে হয়? তা আমরা ৬.৪ ইউনিটে আলোচনা করেছি। সে ভাবে কার্যক্রম গ্রহণ করে নিচে জাবেদা দাখিলা দেয়া হলো:-

কার্যক্রমের বিশে- ষণ

| **তাং** | **শিরোনাম** | **ডেঃ-ক্রেঃ নির্ণয়ের ভিত্তি/শ্রেণি** | **ডেঃ-ক্রেঃ এর সূত্র প্রয়োগ** | **ফলাফল** |
|---|---|---|---|---|
| ১ | নগদান হি:<br>আসবাব পত্র হি:<br>রাজনের মূলধন হি: | সম্পত্তিবাচক হি:<br>ঐ<br>ব্যক্তিবাচক হিসাব | সম্পত্তি আসলে<br>ঐ<br>ব্যক্তি দাতা | ডেঃ<br>ডেঃ<br>ক্রেঃ |
| ২ | ব্যাংক হি:<br>নগদান হি: | ব্যক্তিবাচক হি:<br>সম্পত্তিবাচক হি: | ব্যক্তি গ্রহীতা<br>সম্পদ চলে গেল | ডেঃ<br>ক্রেঃ |
| ৭ | ক্রয় হি:<br>নগদান হি: | নামিক হি:<br>সম্পত্তিবাচক হি: | খরচ বুঝালে<br>সম্পত্তি চলে গেলে | ডেঃ<br>ক্রেঃ |
| ২৫ | নগদান হি:<br>বিক্রয় হি: | সম্পত্তিবাচক হি:<br>নামিক হি: | সম্পত্তি আসলে<br>আয় হলে | ডেঃ<br>ক্রেঃ |
| ২৯ | ব্যাংক হি:<br>নগদান হি: | ব্যক্তিবাচক হি:<br>সম্পত্তিবাচক হি: | ব্যক্তি গ্রহীতা<br>সম্পত্তি চলে গেল | ডেঃ<br>ক্রেঃ |

(গ) নির্দিষ্ট ছকে জাবেদা বহি

| তারিখ | বিবরণ | খঃ পৃঃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৫ | নগদান হি ডেঃ | | ২৫,০০০ | |
| জানুঃ- ১ | আসবাব পত্র হি ডেঃ | | ১০,০০০ | |
| | রাজনের মূলধন হি ক্রেঃ | | | ৩৫,০০০ |
| | (কারণ নগদ টাকা ও আসবাব পত্র নিয়ে ব্যাবসা আরম্ভ করলেন) | | | |
| জানুঃ- ২ | ব্যাংক হি ডেঃ | | ২০০০ | ২০০০ |
| | নগদান হি ক্রেঃ | | | |
| | (কারণ ব্যাংকে হিসাব খোলা হলো নগদ টাকা জমা দিয়ে) | | ২০,০০০ | ২০,০০০ |
| জানুঃ- ৭ | ক্রয় হি ডেঃ | | | |
| | নগদান হি ক্রেঃ | | | |
| | (কারণ নগদে মাল ক্রয়।) | | ৩০,০০০ | ৩০,০০০ |
| জানুঃ- ২৫ | নগদান হি ডেঃ | | | |
| | বিক্রয় হি ক্রেঃ | | | |
| | (কারণ নগদে মাল বিক্রয় করা হলো) | | ২৫,০০০ | ২৫,০০০ |
| জানুঃ- ২৯ | ব্যাংক হি ডেঃ | | | |
| | নগদান হি ক্রেঃ | | | |
| | (কারণ নগদ টাকা ব্যাংকে জমাদান) | | | |

উদাহরন-৩

১ ফেব্রুয়ারী ২০১৫ সালে জনাব আসলাম ১,০০,০০০ টাকা মূলধন নিয়ে ব্যবসা আরম্ভ করলেনঃ-
২০১৫

ফেব্রুঃ- ১ পূবালী ব্যাংকে চলতি হিসাব খোলা হলো ১০,০০০ টাকা।
ফেব্রুঃ- ৫ নগদে মাল ক্রয় ৫০,০০০ টাকা।
ফেব্রুঃ- ৭ ধারে মাল ক্রয় ১০,০০০ টাকা।
ফেব্রুঃ- ১২ মাল বিক্রয় ৭০,০০০ টাকা।
ফেব্রুঃ- ১৮ ধারে মাল বিক্রয় ২০,০০০ টাকা।
ফেব্রুঃ- ২০ কাদের এর নিকট হতে মাল ক্রয় ৫,০০০ টাকা।
ফেব্রুঃ- ২১, ৫ তারিখে ক্রীত মাল ফেরত দেওয়া হলো ১,০০০ টাকা।
ফেব্রুঃ - ২৫ খালেকের নিকট মাল বিক্রয় ৫,০০০ টাকা।
ফেব্রুঃ - ২৬ মালের বহন খরচ প্রদান ১,০০০ টাকা।
ফেব্রুঃ - ২৮ টাকা কর্মচারী রশিদকে বেতন প্রদান ২,০০০ টাকা।
(ক) মোট ধারে ক্রয়ের পরিমান কত?
(খ) ব্যাখ্যা বাদে জাবেদা দাখিলা দাও।
(গ) ১-১২ তারিখের লেনদেনগুলো হিসাব সমীকরণের প্রয়োগ দেখাও।

সমাধান

| | |
|---|---|
| (ক) ৭ তারিখে ক্রয় | ১০,০০০ টাকা |
| ২০ তারিখে কাদেরের নিকট হতে ক্রয় | ৫,০০০ টাকা |
| মোট ধারে ক্রয় | ১৫,০০০ টাকা |

(খ) জাবেদা বহি ঃ

| তারিখ | বিবরণ | খঃ পৃঃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ২০১৫<br>ফেব্রুঃ-১ | নগদান হি ডেঃ<br>আসলামের মূলধন হিঃ ক্রেঃ | | ১,০০,০০০ | <br>১,০০,০০০ |
| ফেব্রুঃ-১ | পূবালী ব্যাংক হিঃ ডেঃ<br>নগদান হি ক্রেঃ | | ১০,০০০ | <br>১০,০০০ |
| ফেব্রুঃ-৫ | ক্রয় হিঃ ডেঃ<br>নগদান হিঃ ক্রেঃ | | ৫০,০০০ | <br>৫০,০০০ |
| ফেব্রুঃ-৭ | ক্রয় হিঃ ডেঃ<br>পাওনাদার হিঃ ক্রেঃ | | ১০,০০০ | <br>১০,০০০ |
| ফেব্রুঃ-১২ | নগদান হিঃ ডেঃ<br>বিক্রয় হিঃ ক্রেঃ | | ৭০,০০০ | <br>৭০,০০০ |
| ফেব্রুঃ-১৮ | বিবিধ দেনাদার হিঃ ডেঃ<br>বিক্রয় হি ক্রেঃ | | ২০,০০০ | <br>২০,০০০ |
| ফেব্রুঃ-২০ | ক্রয় হিঃ ডেঃ<br>কাদের হিঃ ক্রেঃ | | <br>৫০০০ | <br>৫,০০০ |
| ফেব্রুঃ-২১ | নগদান হিঃ ডেঃ<br>ক্রয় ফেরত/ বহিঃ ফেরত ক্রেঃ | | <br>১,০০০ | <br>১,০০০ |
| ফেব্রুঃ-২৫ | খালেকের হিঃ ডেঃ | | | |

| তারিখ | বিবরণ | খঃ পৃঃ | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| | বিক্রয় হিঃ ক্রেঃ | | ৫,০০০ | ৫,০০০ |
| ফেব্রুঃ-২৬ | বহন খরচ হিঃ ডেঃ<br>নগদান হিঃ ক্রেঃ | | ১,০০০ | ১,০০০ |
| ফেব্রুঃ-২৮ | বেতন হিঃ ডেঃ<br>নগদান হিঃ ক্রেঃ | | ২,০০০ | ২,০০০ |
| | | | ২,৭৪,০০০ | ২,৭৪,০০০ |

(গ) হিসাব সমীকরণের প্রয়োগ

| তারিখ | A | | = | L+OE | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | নগদান+ | ব্যাংক | = | পাওনাদার+ | মূলধন | |
| ২০১৫<br>ফেব্রুঃ-১ | ১,০০,০০০<br>-১০,০০০ | +১০,০০০ | | | ১,০০,০০০ | |
| ফেব্রুঃ-৫ | ৯০,০০০<br>-৫০,০০০ | ১০,০০০ | = | | ১,০০,০০০<br>-৫০,০০০ | খরচ |
| ফেব্রুঃ-৭ | ৪০,০০০ | ১০,০০০ | = | ১০,০০০ | ৫০,০০০<br>-১০০০০ | খরচ |
| ফেব্রুঃ-১২ | ৪০,০০০<br>+৭০,০০০ | ১০,০০০ | = | ১০,০০০ | ৪০,০০০<br>+৭০,০০০ | আয় |
| | ১,১০,০০০ | ১০,০০০ | = | ১০,০০০ | ১,১০,০০০ | |
| | ১,২০,০০০ | | = | ১,২০,০০০ | | |

উদাহরন-৪

১ জানুয়ারী ২০১৫ সালে জনাব রাজা ১,০০,০০০ টাকা নিয়ে ব্যাবসা আরম্ভ করলেন। নিম্নোক্ত তাঁর ব্যবসায়ের লেনদেনগুলো সংঘটিত হয়।

২০১৫

জানুঃ-২ ধারে ক্রয় ৩০,০০০ টাকা

জানুঃ-১০ আলমের নিকট ধারে বিক্রয় ৪০,০০০ টাকা।

জানুঃ-১১ আসাবাব পত্র ক্রয় ৫,০০০ টাকা

জানুঃ-১৫, ২ তারিখে ক্রীত মালের মূল্য পরিশোধ ২৫,০০০ টাকা।

জানুঃ-২০, ১০ তারিখে বিক্রিত মালের মূল্য পাওয়া গেল ৩০,০০০ টাকা।

জানুঃ-২৫ দোকান ভাড়া প্রদান ৫,০০০ টাকা।

জানুঃ-৩১ কর্মচারী বেতন প্রদান ৬,০০০ টাকা।

(ক) নীট নগদের পরিমাণ কত?

(খ) হিসাব সমীকরণের মাধ্যমে লেনদেনগুলোর ডেঃ ও ক্রে নির্ণয় করুণ।

(গ) হিসাব সমীকরণে পরিবর্তনকারী লেনদেনগুলোর পরিমান নির্ণয় করুণ।

সমাধান

(ক) নীট নগদের পরিমান নির্ণয়ঃ-

২০১৫

ক) নগদ অর্থের আগমনঃ

| | টাকা | টাকা |
|---|---|---|
| জানুঃ-১ মূলধন | ১,০০,০০০ | |
| জানুঃ-২০ দেনাদারের নিকট হতে আদায় | ৩০,০০০ | |
| | | ১৩০,০০০ |

খ) বাদঃ- নগদ অর্থের নির্গমনঃ-

| | | | |
|---|---|---|---|
| জানুঃ-১১ | আসবাব পত্র ক্রয় | ৫,০০০/- | |
| জানুঃ-১৫ | পাওনাদারকে প্রদান | ২৫,০০০/- | |
| জানুঃ-২৫ | ভাড়া প্রদান | ৫,০০০/- | |
| জানুঃ-৩১ | বেতন প্রদান | ৬,০০০/- | ৪১,০০০ |
| | | নীট নগদ তহবিল | ৮৯,০০০ |
| | | | ====== |

(খ) হিসাব সমীকরণের মাধ্যমে লেনদেনগুলোর ডেঃ-ক্রেঃ নির্ণয়ঃ-

| তারিখ | শিরোনাম | হিসাবের ভিত্তি/শ্রেণি | হ্রাস/বৃদ্ধি | ফলাফল |
|---|---|---|---|---|
| ২০১৫ | নগদান হিঃ | সম্পত্তি | (+) বৃদ্ধি | ডেঃ |
| জানুঃ-১ | মূলধন হিঃ | মালিকানা স্বত্ত্ব | (+) বৃদ্ধি | ক্রেঃ |
| জানুঃ-২ | ক্রয় হিঃ | ব্যয় | (+) বৃদ্ধি | ডেঃ |
| | প্রদেয়/পাওনাদার হিঃ | দায় | (+) বৃদ্ধি | ক্রেঃ |
| জানুঃ-১০ | প্রাপ্য/আলম হিঃ | সম্পত্তি | (+) বৃদ্ধি | ডেঃ |
| | বিক্রয় হিঃ | আয় | (+) বৃদ্ধি | ক্রেঃ |
| জানুঃ-১১ | আসবাব পত্র হিঃ | সম্পত্তি | (+) বৃদ্ধি | ডেঃ |
| | নগদান হিঃ | সম্পত্তি | (-)হ্রাস | ক্রেঃ |
| জানুঃ-১৫ | প্রদেয়/পাওনাদার হিঃ | দায় | (-)হ্রাস | ডেঃ |
| | নগদান হিঃ | সম্পত্তি | (-)হ্রাস | ক্রেঃ |
| জানুঃ-২০ | নগদান হিঃ | সম্পত্তি | (+) বৃদ্ধি | ডেঃ |
| | প্রাপ্য/আলম হিঃ | সম্পত্তি | (-)হ্রাস | ক্রেঃ |
| জানুঃ-২৫ | ভাড়া হিঃ | ব্যয় হিঃ | (+) বৃদ্ধি | ডেঃ |
| | নগদান হিঃ | সম্পত্তি | (-)হ্রাস | ক্রেঃ |
| জানুঃ-৩১ | বেতন হিঃ | ব্যয় | (+) বৃদ্ধি | ডেঃ |
| | নগদান হিঃ | সম্পত্তি | (-)হ্রাস | ক্রেঃ |

(গ) হিসাব সমীকরণে পরিবর্তনকারী লেনদেনগুলোর পরিমান নির্ণয়ঃ-

| তারিখ | সম্পদ ও দায়ের হ্রাস/বৃদ্ধির কারণ | টাকা |
|---|---|---|
| ২০১৫ | | |
| জানুঃ-১ | সম্পদ বৃদ্ধি ও মালিকানা স্বত্ব বৃদ্ধি | ১,০০,০০০ |
| জানুঃ-১০ | সম্পত্তি বৃদ্ধি ও (আয়) মালিকানা স্বত্ত্ব বৃদ্ধি | ৪০,০০০ |
| জানুঃ-১৫ | দায় হ্রাস ও সম্পত্তি হ্রাস | ২৫,০০০ |
| জানুঃ-২৫ | (ব্যয়) মালিকানা স্বত্ত্ব হ্রাস ও সম্পত্তি হ্রাস | ৫,০০০ |
| জানুঃ-৩১ | (ব্যয়) মালিকানা স্বত্ত্ব হ্রাস ও সম্পত্তি হ্রাস | ৬,০০০ |
| | মোট সম্পত্তি দায়/মালিকানা স্বত্ত্ব হ্রাস /বৃদ্ধি বা মোট পরিবর্তন | ১,৭৬,০০০ |

**লক্ষনীয়** ঃ হিসাব সমীকরণে মোট সম্পত্তি ও মোট দায়ের হ্রাস বা বৃদ্ধিকে পরিবর্তনকারী লেনদেন বলে। যে সমস্তলেনদেনের ফলে মোট সম্পত্তি ও মোট দায়ের পরিমান হ্রাস বা বৃদ্ধি হয় না তাকে কাঠামোগত পরিবর্তনকারী লেনদেন বলে।

| | |
|---|---|
| **অ্যাকটিভিটি (** নিজে করি**)** **/শিক্ষার্থীর কাজ** | হিসাব সমীকরণে প্রয়োগ দেখাও:<br>১। নগদ ১০,০০০ টাকা মূলধন আনয়ন।<br>২। ব্যাংকে জমা দেওয়া হলো ১,০০০/-।<br>৩। মাল ক্রয় ৫,০০০ টাকা।<br>৪। মাল বিক্রয় ৮,০০০ টাকা।<br>৫। বেতন প্রদান ১,০০০ টাকা। |

## সারসংক্ষেপ:

সংঘটিত লেনদেনগুলো সংক্ষিপ্ত আকারে জাবেদা বহিতে লিপিবদ্ধ করা হয়।

## পাঠোত্তর মূল্যায়ন-৬.৫

**সঠিক উত্তরের পাশে টিক (√) চিহ্ন দিন**

১। ডেবিট দ্বারা কি বুঝায়?
(ক) সম্পত্তি বৃদ্ধি ও দায় হ্রাস (খ) সম্পত্তি হ্রাস ও দায় বৃদ্ধি
(গ) সম্পত্তি বৃদ্ধি ও দায় বৃদ্ধি (ঘ) সম্পত্তি হ্রাস ও দায় হ্রাস

২। ক্রেডিট দ্বারা কি বুঝায়?
(ক) ব্যয় ও দায় বৃদ্ধি (খ) মূলধন বৃদ্ধি ও সম্পত্তি হ্রাস
(গ) সম্পত্তি ও দায় হ্রাস (ঘ) আয় বৃদ্ধি ও দায় হ্রাস

৩। রহিমকে গাড়ি ভাড়া প্রদান ১,০০০ টাকা। লেনদেনটির জাবেদা দাখিলা হবেঃ-
(i) ভাড়া হিঃ ডেঃ (ii) নগদান হিঃ ক্রেঃ (iii) রহিম হিঃ ডেঃ

নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i, ii
(গ) ii, iii (ঘ) i, ii ও iii

৪। আরিফের কাছ থেকে চেক প্রাপ্তি ২,০০০ টাকা। লেনদেনটির জাবেদা দাখিলার ডেবিট হবে-

(i) নগদান হিঃ ডেঃ (ii) ব্যাংক হিঃ ডেঃ (iii) আরিফ হিঃ ক্রেঃ
নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i, ii

(গ) ii, iii (ঘ) i, ii ও iii

৫। মালিক কর্তৃক ব্যবসা হতে নগদ টাকা উত্তোলন ৫০০। লেনদেনটির জাবেদা দাখিলার হবে-

(i) উত্তোলন ডেঃ (ii) নগদান হিঃ ক্রে (iii) মূলধন হিঃ ডেঃ
নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i, ii

(গ) ii, iii (ঘ) i, ii ও iii

৬। চেকে বাড়ি ভাড়া প্রদান ২,০০০ টাকা। লেনদেনটির জাবেদা দাখিলা হবে-

(i) বাড়ি ভাড়া হিঃ ডেঃ (ii) ব্যাংক হিঃ ক্রেঃ (iii) বাড়ি হি ডেঃ

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i, ii

(গ) ii, iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দিপক পড়ো এবং ৭-৮ নং প্রশ্নের উত্তর দাও।

১ জানুয়ারী ২০১৫ সালে মিঃ সাদ্দাম ১০,০০০ টাকা নগদ এবং ৫,০০০ টাকার আসবাব পত্র নিয়ে ব্যবসা শুরু করলেন। তিনি দু'তরফা দাখিলা পদ্ধতিতে হিসাব সংরক্ষণ করেন।

৭। ১ জানুয়ারী ২০১৫ সালে মিঃ সাদ্দামের "হিসাব সমীকরণে" প্রয়োগের প্রভাব ফেলবে-

(i) A (ii) O, E (iii) I
নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) i, ii

(গ) ii, iii (ঘ) i, ii ও iii

৮। মিঃ সাদ্দামের লেনদেনটির জন্য কোন বইতে দাখিলা দিতে হবে?

(ক) খতিয়ান বই (খ) জাবেদা বই

(গ) নগদান বই (ঘ) ক্রয় বই

৯। ১ জানুয়ারী ২০১৫ সালে মিঃ রকিব ৫০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করলেন। তার ব্যবসায়ের সংঘটিত লেনদেনগুলো নিচে দেওয়া হলোঃ-

২০১৫
জানুঃ-১ ব্যাংক হিসাব খোলা হলো ৫,০০০ টাকা।
জানুঃ-৩ মাল ক্রয় করা হলো ৩০,০০০ টাকা।
জানুঃ-৫ মাল বিক্রয় করা হলো ৪০,০০০ টাকা।
জানুঃ-৭ ধারে মাল ক্রয় ২০,০০০ টাকা।
জানুঃ-৯ ধারে মাল বিক্রয় ২৫,০০০ টাকা।
জানুঃ-১১ মেশিন ক্রয় ৫,০০০ টাকা।
জানুঃ-১১ মেশিনের সংস্থাপন ব্যয় ১,০০০ টাকা।

জানুঃ-১৪ রাকিবের জীবন বিমা প্রিমিয়াম প্রদান ৫০০ টাকা।
জানুঃ-১৭ ভাড়া পাওয়া গেল ৪০০ টাকা।
জানুঃ-১৮ বিদ্যুৎ বিল পরিশোধ করা হলো ৩০০ টাকা।
জানুঃ-১৯ কুঋণ ধার্য করা হলো ২০০ টাকা।
জানুঃ-২২ মালিক কারবার হতে দুইটি সাবান নিলেন যার মুল্য ৮০ টাকা।
জানুঃ-২৫ মেশিনের অবচয় ধার্য কর ১০০ টাকা।
জানুঃ-৩০ বেতন পরিশোধ ৫০০ টাকা।
জানুঃ-৩১ বিনামূল্যে পণ্য বিতরণ ২০০ টাকা।

উপরোক্ত লেনদেনগুলো জাবেদা বহিতে দাখিলা দাও।

১০। সৃজনশীল প্রশ্ন

এপ্রিলঃ- ১, ২০১৫ সালে জনাব সজীব নগদ ৫০,০০০ টাকা এবং ৪০,০০০ টাকা মুল্যের যন্ত্রপাতি নিয়ে ব্যবসা আরম্ভ করেন।
এপ্রিলঃ- ২ রহিম এন্ড কোঃ এর নিকট হতে পণ্য ক্রয় ২৫,০০০ টাকা এবং মালের বহন খরচ ১,০০০ টাকা।
এপ্রিলঃ- ৭ রহিম এন্ড কোঃ কে পণ্য ফেরত দেওয়া হলো ১,০০০ টাকা।
এপ্রিলঃ- ১১ ভাড়া প্রদান করা হলো ৫,০০০ টাকা।
এপ্রিলঃ- ১৬ যন্ত্রপাতির অবচয় ধার্য করা হল ১,০০০ টাকা।
এপ্রিলঃ- ২৬ চেকে পণ্য ক্রয় ৫,০০০ টাকা।
এপ্রিলঃ- ৩০ বিনামূল্যে পণ্য বিতরন ৫০০ টাকা।

(ক) মাস শেষে যন্ত্রপাতির বইয়ের মূল্য কত?
(খ) নীট ক্রয়ের পরিমান নির্ণয় করুণ।
(গ) লেনদেনগুলোর জাবেদা দাখিলা দিন।

১১। মার্চঃ- ১, ২০১৫ সালে জনাব হুমায়ুন নগদ ৬০,০০০ টাকা নিয়ে ব্যবসা আরম্ভ করিলেন। সংঘটিত লেনদেনগুলো তার ব্যবসায় সম্পর্কীতঃ-

মার্চঃ-৪ পণ্য ক্রয় করা হলো ১০,০০০ টাকা।
মার্চঃ-১০ কাশেমের নিকট পণ্য বিক্রয় ২০,০০০ টাকা।
মার্চঃ-১৫ মনিহারী দ্রব্য ক্রয় ২,০০০ টাকা।
মার্চঃ-১৮ হুমায়ুনের আয়কর প্রদান ২,০০০ টাকা।
মার্চঃ-২৬ সেভিং সার্টিফিকেট ক্রয় ১০,০০০ টাকা।
মার্চঃ-৩০ শিক্ষানবিশ সেলামি প্রাপ্তি ২,০০০ টাকা।

(ক) মাস শেষে নগদ তহবিলের পরিমাণ নির্ণয় করুণ।
(খ) ১-১৫ তারিখ পর্যন্ত লেনদেনগুলো হিসাব সমীকরণে প্রয়োগ দেখান।
(গ) কারণ বাদে লেনদেনগুলোর জাবেদা দাখিলা দিন।

১২। ১ জানুয়ারী ২০১৫ সালে জনাব হাসেম ৮০,০০০ টাকা এবং ২০,০০০ টাকা মূল্যের পণ্য দ্রব্য নিয়ে ব্যবসা আরম্ভ করলেন। উক্ত মাসে তার ব্যবসায়ে নিম্মোক্ত লেনদেনগুলো সম্পন্ন হয়।

জানুঃ-১ জামালের নিকট ১০,০০০ টাকার পণ্য বিক্রয় করে নগদ ৫,০০০ টাকা পাওয়া গেল।
জানুঃ-৭ ইমানের নিকট হতে ৭০০০ টাকার পণ্য ক্রয় করে নগদে ২,০০০ টাকা পরিশোধ করা হলো।
জানুঃ-৯ আন্তঃ ফেরত ১,০০০ টাকা।
জানুঃ-১৪ বহিঃ ফেরত ১,০০০ টাকা।
জানুঃ-১৭ অফিস সরঞ্জাম ক্রয় ২,০০০ টাকা।
জানুঃ-১৮ অগ্রিম ভাড়া প্রদান ১,৫০০ টাকা।
জানুঃ-২৭, ৭ তারিখের দেনা পরিশোধ করা হলো।
জানুঃ-৩০ বিক্রয়ের উদ্দেশ্যে যন্ত্রপাতি ক্রয় ৫,০০০ টাকা।

(ক) মাস শেষে নীট ক্রয়ের পরিমান নির্ণয় করুন।
(খ) ব্যাখ্যা বাদে লেনদেনগুলোকে জাবেদা বহিতে দাখিলা দিন।
(গ) আগমন ও নির্গমন দেখিয়ে নগদের পরিমান নির্ণয় করুণ।

## উত্তরমালা

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| পাঠোত্তর মূল্যায়ন - ৬.১ : | ১. ক | ২. গ | ৩. ক | ৪. গ | ৫. গ | | | |
| পাঠোত্তর মূল্যায়ন - ৬.২ : | ১. ক | ২. গ | ৩. ঘ | ৪. ঘ | ৫. খ | | | |
| পাঠোত্তর মূল্যায়ন - ৬.৩ : | ১. খ | ২. ক | ৩. খ | ৪. ক | ৫. গ | ৬. ক | | |
| পাঠোত্তর মূল্যায়ন - ৬.৪ : | ১. গ | ২. গ | ৩. ক | ৪. খ | ৫. খ | ৬. গ | | |
| পাঠোত্তর মূল্যায়ন - ৬.৫ : | ১. ক | ২. খ | ৩. খ | ৪. ক | ৫. খ | ৬. খ | ৭. খ | ৮. খ |